

## Model Activity task 2021(August)

### Class 5 Environmental Science ( Part-5)

### মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট

### পঞ্চম শ্রেণী পরিবেশ( পার্ট -৫)

#### ১. বাম স্তম্ভের সঙ্গে ডান স্তম্ভের মিল করে লেখো

বাম স্তম্ভ	ডান স্তম্ভ
১.১ জলদাপাড়া	(ঘ) গন্ডার
১.২ খড়গপুর	(গ) আই আই টি শিক্ষাকেন্দ্র
১.৩ বিষ্ণু পুর	(খ) টেরাকোটার কাজ
	(ক) ডলফিন

#### ২. ঠিক বাক্যের পাশে ✓আর ভুল বাক্যের পাশে x চিহ্ন দাও:

২.১ মানুষের বুদ্ধি হল একটা সম্পদ। ✓

২.২ দীঘার কাছাকাছি অঞ্চলে প্রচুর কাজুবাদাম চাষ হয়। x

২.৩ প্রীতিলতা ওয়াদেদারকে বলা হয় গান্ধীবুড়ি। x

#### ৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও।

#### ৩.১ বেশি রাসায়নিক কীটনাশক ব্যবহার করলে কি ক্ষতি হয়?

উ:- কৃষিক্ষেত্রে অতিমাত্রায় রাসায়নিক কীটনাশক ব্যবহারের ফলে বিভিন্ন কৃষিজ ও প্রাণিজ খাদ্যের মাধ্যমে কীটনাশক মানবদেহে প্রবেশের কারণে মানুষের হার্ট, কিডনি, লিভার, স্নায়ু ত্বক আক্রান্ত হচ্ছে। এছাড়া কীটনাশক বৃষ্টির জলে ধুয়ে আশেপাশের জলাশয়ে মিশলে মাছ ও অন্যান্য জলজ প্রাণীর প্রান সংশয় হয়। প্রজাপতি, মৌমাছির মত উপকারী প্রাণীরা কীটনাশকের প্রভাবে মারা যাচ্ছে।

#### ৩.২ কী উদ্দেশ্যে দামোদর ভ্যালি কর্পোরেশন স্থাপন করা হয়েছিল?

উঃ বন্যা বন্ধ করার জন্য দামোদর ভ্যালি কর্পোরেশন স্থাপন করা হয়েছিল। ঠিক ছিল পাহাড় থেকে দামোদর নদী দিয়ে আসা বৃষ্টির জল জমিয়ে রাখা হবে।পশ্চিমবঙ্গের সীমান্তের কাছেই অনেকগুলি জলাধার করা হবে।তাতে জল জমিয়ে রাখা হবে , ফলে বন্যা হবে না । পরে চাষের

জন্য অতিরিক্ত জল পাওয়া যাবে,। তবে পরিকল্পনা মত যতগুলি জলাধার তৈরি করার কথা ছিল তা হয় নি বলে বন্যা পুরোপুরি আটকানো সম্ভব হয় না।

## ৪ দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও

### ৪.১ পর্বতের মাথায় বরফ জমে কেন?

উঃ পুকুর, নদী সমুদ্রের জল সূর্যের তাপে বাষ্প হয়ে উপরে উঠে যায়। উপরের বাতাস ঠাণ্ডা। তাই বাষ্প জমে জল হয়ে যায়। পর্বতের মাথায় ঠাণ্ডা বেশি বলে সেই জল জমে বরফ হয়ে যায় এবং পর্বতের মাথায় তুষারপাত হয়। তাই পর্বতের মাথায় বরফ জমে।